**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

## ঢাকা, বৃহস্পতিবার ২৪ মার্চ ২০১৬, ১০ চৈত্র ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিদ্যুৎ আমদানি ও ব্যান্ডউইথ রফতানি বাংলাদেশ-ভারত সম্পর্কে আরেকটি মাইলফলক : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। সভ্য সমাজে সন্ত্রাসীদের কোনো স্থান নেই : প্রধানমন্ত্রী

৩। বিমা ব্যবসায় নৈতিকতার অভাব রয়েছে : অর্থমন্ত্রী

৪। ঢাকার চারদিকে নদী রক্ষায় পরিকল্পনা নেওয়া হচ্ছে
শ্যালা নদীতে স্থায়ীভাবে নৌযান চলাচল বন্ধ

৫। ব্যাংক মালিকদের সঙ্গে গভর্নরের বৈঠক :
ট্রেজারি বিভাগের কর্মকর্তাদের পাসপোর্ট সংরক্ষণের নির্দেশ

৬। দক্ষ হ্যাকার তৈরির বিজ্ঞাপন দেওয়ায় 'সাইফুরস'
কোচিং সেন্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : শিক্ষামন্ত্রী

৭। আরামবাগ-কেরানীগঞ্জ নতুন ফ্লাইওভার : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৮। আজ বিশ্ব যক্ষ্মা দিবস : ৪০ ভাগ যক্ষ্মারোগী দক্ষিণ-পূর্ব এশিয়ার বাসিন্দা

৯। পরিবার পরিকল্পনা কার্যক্রমে দেশ পিছিয়ে পড়েছে

১০। ১০ ট্যানারি মালিককে হাইকোর্টে তলব

১১। নোয়াখালীতে হত্যার দায়ে ১২ জনের ফাঁসির রায়

১২। টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের এক রানের অবিশ্বাস্য হার

চলমান পাতা-২

**১।　বিদ্যুৎ আমদানি ও ব্যান্ডউইথ রফতানি বাংলাদেশ-ভারত সম্পর্কে আরেকটি মাইলফলক : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

ত্রিপুরা থেকে বিদ্যুৎ আমদানি এবং বাংলাদেশ থেকে ব্যান্ডউইথ রফতানিকে এক 'ঐতিহাসিক মুহূর্ত, দুই দেশের সম্পর্কোন্নয়নের ক্ষেত্রে একটি মাইলফলক এবং আন্তঃযোগাযোগে 'নতুন সূচনা' বলে মন্তব্য করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গতকাল ২৩ মার্চ বুধবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভারতের ত্রিপুরা থেকে বাংলাদেশের কুমিল্লায় ১০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি এবং বাংলাদেশ থেকে ত্রিপুরায় ইন্টারনেট ব্যান্ডউইথ রফতানি কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে দুই দেশের প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২) **সমকাল, ডেইলি সান, ডেইলি স্টার, অবজারভার, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**প্রথম আলো, ইত্তেফাক, জনকণ্ঠ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি স্টার, ফিনানশিয়াল এক্সপ্রেস, অবজারভার** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।　সভ্য সমাজে সন্ত্রাসীদের কোনো স্থান নেই : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেলজিয়ামে সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়ে বলেছেন, কোনো সভ্য সমাজে সন্ত্রাসীদের স্থান নেই। প্রধানমন্ত্রী বলেন, আমি মনে করি, সন্ত্রাসী সন্ত্রাসীই। তাদের বর্ণ, ধর্ম অথবা ধর্ম বিশ্বাস যাই হোক, কোনো সভ্য সমাজে তাদের ঠাঁই নেই। বেলজিয়ামের প্রধানমন্ত্রীর কাছে পাঠানো এ শোক বার্তায় তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৩।　বিমা ব্যবসায় নৈতিকতার অভাব রয়েছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাংলাদেশে বিমা ব্যবসায় নৈতিকতার বড়ই অভাব। আর জীবন বিমা খাতে এটি সবচেয়ে বেশি। গতকাল ২৩ মার্চ বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিমা মেলার উদ্বোধনকালে এ মন্তব্য করেন তিনি। বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ তিন দিনব্যাপী এ মেলার আয়োজন করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **প্রথম আলো,** (পৃ.১২,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৩), **নিউ নেশন বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

**৪।　ঢাকার চারদিকে নদী রক্ষায় পরিকল্পনা নেওয়া হচ্ছে**
**শ্যালা নদীতে স্থায়ীভাবে নৌযান চলাচল বন্ধ**

বুড়িগঙ্গা নদীর আদি চ্যানেল উদ্ধার করে দুই পাড়ে সৌন্দর্যবর্ধন ও চারদিকে বালু, তুরাগ, বুড়িগঙ্গা ও শীতলক্ষ্যা নদীর ত্রুটিপূর্ণ সীমানা পুনঃনির্ধারণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল ২৩ মার্চ বুধবার সচিবালয়ে নৌ মন্ত্রণালয়ের সভাকক্ষে বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু, তুরাগসহ দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখা সংক্রান্ত টাস্কফোর্স এর ৩১তম সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া সভায় জানানো হয়, সুন্দরবনের শ্যালা নদী দিয়ে জাহাজ চলাচল স্থায়ীভাবে বন্ধ থাকবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫।　ব্যাংক মালিকদের সঙ্গে গভর্নরের বৈঠক :**
**ট্রেজারি বিভাগের কর্মকর্তাদের পাসপোর্ট সংরক্ষণের নির্দেশ**

বাণিজ্যিক ব্যাংকগুলোর ট্রেজারি বিভাগ ও তহবিল ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তাদের পাসপোর্টের কপি সংরক্ষণের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। একইসঙ্গে আরও সতর্ক হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর ফজলে কবীরের সঙ্গে গতকাল ২৩ মার্চ বুধবার ব্যাংক মালিকদের সংগঠন ব্যাংকস অ্যাসোসিয়েশন অব্ বাংলাদেশের (বিএবি) নেতাদের বৈঠকে এ নির্দেশনা দেওয়া হয়। বৈঠক শেষে বিএবির

চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৬। দক্ষ হ্যাকার তৈরির বিজ্ঞাপন দেওয়ায় 'সাইফুরস'**
**কোচিং সেন্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : শিক্ষামন্ত্রী**

ইংরেজী শেখানোর মাধ্যমে দক্ষ হ্যাকার তৈরি'র বিতর্কিত বিজ্ঞাপন দিয়ে কোচিং সেন্টার 'সাইফুরস'



ফেঁসে যাচ্ছে। রাজধানীর বিভিন্ন স্থানে পরিচালিত এই কোচিং সেন্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেবে সরকার। গতকাল ২৩ মার্চ বুধবার এইচএস সি পরীক্ষা সংক্রান্ত আইন-শৃঙ্খলা মনিটরিং কমিটির সভায় ওই বিজ্ঞাপনের সমালোচনা করে শিক্ষামন্ত্রী বলেন, এই কোচিং সেন্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩) **যায়যায়দিন** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৪)।

**৭। আরামবাগ-কেরানীগঞ্জ নতুন ফ্লাইওভার : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

ঢাকার নটরডেম কলেজের সামনে থেকে কেরানীগঞ্জের কদমতলী সার্কেল পর্যন্ত ফ্লাইওভার নির্মাণের সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ২৩ মার্চ বুধবার নগর ভবনে ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষের পরিচালনা পর্ষদের সভা শেষে তিনি এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **জনকন্ঠ** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮),**অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৮। আজ বিশ্ব যক্ষ্মা দিবস : ৪০ ভাগ যক্ষ্মারোগী দক্ষিণ-পূর্ব এশিয়ার বাসিন্দা**

বাংলাদেশে এখনও যক্ষ্মা একটি মারাত্মক জনস্বাস্থ্য সমস্যা। যক্ষ্মা দ্রুত ও কার্যকর উপায়ে শনাক্তের জন্য চলতি বছর জুন নাগাদ আরও ১০টি জিন এক্সপার্ট মেশিন সংযুক্ত করা হচ্ছে। ২০১৫ সালে ২ লাখ ৬ হাজার ৯১৯ জন যক্ষ্মারোগী শনাক্ত হয়েছে। শিশু যক্ষ্মারোগী শনাক্ত হয়েছে ৮ হাজার ১০৩ জন। ঢাকা ও নারায়গঞ্জের যক্ষ্মা রোগীর সংখ্যা বাড়ছে। দ্রুত নগরায়ন, ঘনবসতি, শিল্পাঞ্চল, বিপুল, মানুষের চাপের কারণে এ পরিস্থিতি সৃষ্টি হচ্ছে। জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রন কর্মসূচির (এনটিপি) সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-**জনকন্ঠ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো,** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

**৯। পরিবার পরিকল্পনা কার্যক্রমে দেশ পিছিয়ে পড়েছে**

মাতৃও শিশুমৃত্যু হার হ্রাসে সাফল্য লাভ করলেও পরিবার পরিকল্পনা কার্যক্রমে বাংলাদেশ পিছিয়ে পড়েছে। গত তিন বছরে প্রজনন হার প্রত্যাশা অনুযায়ী হ্রাস পায়নি। পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারের হার মাত্র ১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ জননীতি ও স্বাস্থ্য প্রতিবেদনে এসব তথ্য উঠে আসে। গতকাল ২৩ মার্চ বুধবার রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠানে বিডিএইচএসের ২০১৪ সালের পূর্ণাঙ্গ এ প্রতিবেদন প্রকাশ করা হয়। ইউএসএইডের অর্থায়নে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **প্রথম আলো,** (পৃ.৩,ক.২)।

**১০। ১০ ট্যানারি মালিককে হাইকোর্টে তলব**

আদালতের নির্দেশনা অনুসরণ করে সরকারের নির্ধারিত স্থানে ট্যানারি স্থাপন না করায় ১০ ট্যানারি মালিককে তলব করেছেন হাইকোর্ট। আগামী ১০ এপ্রিল সশরীরে হাজির হয়ে এর কারণ ব্যাখ্যা করার জন্য তাদের নির্দেশ দিয়েছেন আদালত। গতকাল ২৩ মার্চ বুধবার এক আবেদনের শুনানি নিয়ে বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি একেএম সাহিদুল হকের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**১১। নোয়াখালীতে হত্যার দায়ে ১২ জনের ফাঁসির রায়**

নোয়াখালী জেলা শহর মাইজদীর মোবাইল ফোন ব্যবসায়ী ফিরোজ কবির মিরন ও তার কর্মচারী সুমন পালকে হত্যার মামলায় ২২ জন আসামির ১২ জনকে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছে আদালত। গতকাল ২৩ মার্চ বুধবার অতিরিক্ত জেলা ও দায়রা জজ (২য়) এ এন এম মোরশেদ খান এ রায় প্রদান করেন।

সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** ( পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

**১২। টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের এক রানের অবিশ্বাস্য হার**

শেষ ওভারে দরকার ছিলো **১১** রান। শেষ ৩ বলে উইকেট হারিয়ে ভারতের বিপক্ষে বাংলাদেশ দেখলো ১ রানের পরাজয়। এশিয়া কাপ ফাইনালের পর আরেকবার তীরে এসে তরী ডোবার দৃশ্য দেখলো বাংলাদেশ। অথচ পুরো ম্যাচটা বাংলাদেশের নিয়ন্ত্রণে ছিল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **প্রথম আলো, যায়যায়দিন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।



## সম্পাদকীয়

**ক.** **ভোরের কাগজ, যায়যায়দিন, অবজারভার, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** বাংলাদেশে জিকা ভাইরাস আক্রান্ত একজন রোগীর অস্তিত্ব পাওয়া যাওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে সবাইকে প্রয়োজনীয় সতর্ক ও সচেতন করার আহ্বান।

**খ.** **জনকণ্ঠ:** সরকারি অফিসে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের যে নির্দেশিকা জারি হয়েছে, তা সরকারি চাকুরেদের সাথে সাথে সাধারণ মানুষও যদি মেনে চলে তবে সাইবার অপরাধের মাত্রা কমে আসবে বলে মত প্রকাশ।

**গ.** **সংবাদ, ফিনানশিয়াল এক্সপ্রেস :** দেশের নদ-নদীগুলোকে দখল ও দূষণের হাত থেকে রক্ষা করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার পাশাপাশি রাজধানীবাসীকে তীব্র পানি সংকট থেকে রেহাই দিতে আরও পানি শোধনাগার নির্মাণের ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **নিউজ টুডে :** পুষ্টিকর খাদ্যের বিকল্প হিসেবে ভিটামিন ওষুধের যথেচ্ছা ব্যবহার বন্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঙ.** **নিউ নেশন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ইনকিলাব, সমকাল, যুগান্তর :** বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে একটি বিমানবন্দর ও মেট্রোরেল স্টেশনে সন্ত্রাসী হামলায় ৩৫ জন নিহত ও দুই শতাধিক আহত হওয়ার ঘটনায় শোক প্রকাশ করে এ ধরনের সন্ত্রাসী হামলার ব্যাপারে বাংলাদেশকেও সতর্ক থাকার পরামর্শ।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে একই কাজের জন্য সমান বেতন বা মজুরি পাবার ব্যবস্থা নারীদের আর্থিক ক্ষমতায়ন বৃদ্ধির পথে একটি বড় চ্যালেঞ্জ বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুশ্রম প্রতিরোধে চাই সম্মিলিত উদ্যোগ'** শিরোনামের নিবন্ধে মো. হাবিবুর রহমান সবাই মিলে যদি শিশুদের সুনাগরিক হিসেবে গড়ে তোলার অঙ্গীকার করি তাহলে একটি সুন্দর দেশ প্রতিষ্ঠার স্বপ্ন সফল হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা//রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা